# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) এনআরসি-র খসড়া প্রস্তুত করার সময়ে প্রযুক্তিগত কারণে ব্যাহত রাখা আসামের ৯ লক্ষেরও বেশি লোকের আধার কার্ড প্রদানের বিষয়ে কেন্দ্রের সিদ্ধান্ত।

২) অবৈধ প্রব্রজননের ফলে আসামের জনবিন্যাসের পরিবর্তনের উপর আলোকপাত করতে রাজ্য সরকার আগামী বছরের এপ্রিল মাসের মধ্যে শ্বেতপত্র প্রকাশ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষণা।

৩) আসাম - বাংলাদেশ সীমান্ত সম্পূর্ণরূপে সিল করে দেওয়ার জন্য কেন্দ্র এবং রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করেছে বলে বিধানসভায় আসাম চুক্তি রূপায়ন মন্ত্রী অতুল বরার প্রকাশ।

এবং

৪) জলবিদ্যুৎ প্রকল্পের বিকাশের ক্ষেত্রে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য সরকারগুলির সম অংশগ্রহন নিশ্চিত করার জন্য শক্তি মন্ত্রণালয়ের দ্বারা প্রস্তাবিত আর্থিক সাহায্যের প্রস্তাবে কেন্দ্রীয় সরকারের অনুমোদন।

---

এন আর সির খসড়া প্রস্তুতকরণের পরিপ্রেক্ষিতে আধার কার্ড প্রদান করার প্রক্রিয়া বন্ধ করে রাখা আসামের ৯ লক্ষ ৩৫ হাজার ৬৮২ জন লোককে আধার কার্ড প্রদান করার জন্য  কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ গৌহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।সাংবাদিকদের ড: শর্মা জানান যে এন আর সির বায়োমেট্রিক নথি গ্রহণের সংগে সম্পর্কীত কারিগরী কারণে ২০১৯ সালের ফেব্রুয়ারী থেকে আগষ্ট মাস পর্যন্ত আধার কার্ড প্রস্তুতকরণ প্রক্রিয়া ব্যাহত হয়েছিল  ।বিষয়টি নিয়ে ইতিপূর্বে কেন্দ্রীয় সরকারকে পত্র প্রেরণ করা ছাড়া ও মুখ্যমন্ত্রী সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সংগে দেখা করার পর কেন্দ্রীয় সরকার সংশ্লিষ্ট সব দিক বিবেচনা করে বন্ধ হয়ে থাকা আধার কার্ডগুলি সক্রিয় করার সিদ্ধান্ত গ্রহণ করে । এর ফলে রাজ্যের ৯ লক্ষ ২৫ হাজারের ও বেশী লোকের পরবর্তী ১৫ থেকে ৩০ দিনের মধ্যে তাদের আধার কার্ডগুলি লাভ করার সম্ভাবনা রয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা জানান ।

এদিকে এন আর সির খসরা প্রস্তুতকরণের সময় বায়োমেট্রিক তথ্য প্রদান সম্পর্কীত বিষয়ে পূর্বে বন্ধ রাখা আধার কার্ড প্রদান প্রক্রিয়া পুনায় আরম্ভ করার জন্য কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা সিদ্ধান্তকে বিভিন্ন দল সংগঠন স্বাগত জানিয়েছে । ভারতীয় গোর্খা পরিসংঘ আজ স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলে যে এর ফলে এক লক্ষ গোর্খা সম্প্রদায়ের লোক সহ ৯ লক্ষ ৩৫ হাজারের ও বেশী লোক উপকৃত হবে । সংগঠনটি মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মাকে ধন্যবাদ জ্ঞাপন করে ।

---------------------------------------------------------------------------------------

অবৈধ প্রব্রজননের ফলে আসামের জনবিন্যাসের পরিবর্তনের উপর আলোকপাত করে রাজ্য সরকার আগামী বছরের এপ্রিল মাসের মধ্যে সর্বাত্মক শ্বেতপত্র প্রকাশ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ঘোষণা করেছেন। রাজ্যের ২৮ হাজার ভোটগ্রহন কেন্দ্রের মধ্যে ২৩ হাজার ভোটগ্রহন কেন্দ্রের এলাকায় জনবিন্যাস পরিবর্তন হয়েছে বলে মুখ্যমন্ত্রী প্রকাশ করেন। তিনি বলেন যে হিন্দু জনবসতি প্রধান অঞ্চলে ইসলাম ধর্মের লোকেদের জনসংখ্যা বেশি হলেও সেসব অঞ্চলে শান্তিপূর্ণ সহাবস্থান পরিলক্ষিত হয়। অন্যদিকে সংখ্যালঘু বসতি প্রধান অঞ্চলে বিপরীত ছবি পরিলক্ষিত হয় বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। আসামের জনবিন্যাসে দেখা দেওয়া প্রত্যাহ্বান নিমূর্ল করে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য রাজ্যসরকার এই পদক্ষেপ গ্রহন করেছে বলে মুখ্যমন্ত্রী জানান।

---------------------------------------------------------------------------------------

আসাম-বাংলাদেশ সীমান্ত সম্পূর্ণরূপে সীল করে দেওয়ার জন্য কেন্দ্র ও রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনে আজ প্রশ্নোত্তরকালে আসাম চুক্তি রুপায়ন বিভাগের মন্ত্রী অতুল বরা সভায় একথা জানিয়ে বলেন যে সীমা সুরক্ষা ও উন্নয়ন বিভাগ থেকে লাভ করা তথ্য অনুযায়ী ধুবরী ও দক্ষিণ শালমারা মানকাচর জেলার সীমান্তের ১৪১ কিলোমিটারের ও অধিক অঞ্চল তথা কাছাড় জেলার ২৭ কিলোমিটারের ও অধিক অঞ্চল সীল করা হয়েছে । করিমগঞ্জ জেলার সীমান্ত অঞ্চলের ২৮ দশমিক ৩ কিলোমিটার এলাকার মধ্যে সম্প্রতি শুধু ৪ দশমিক ৩-৫ কিলোমিটার দীর্ঘ এলাকায় কাটাতাঁরের বেরার কাজ সম্পূর্ণ করতে বাকি রয়েছে বলে মন্ত্রীসভায় জানান।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের সর্বাত্মক অর্থ অন্তর্ভুক্তির প্রকল্প-প্রধানমন্ত্রী জন ধন যোজনা আজ দশ বছর সম্পূর্ণ করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৪ সালের আজকের দিনে এই যোজনার সূচনা করেছিলেন । এর আওতায় এপর্যন্ত ৫৩ কোটিরও বেশি হিতাধিকারীর ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে । এবং এই অ্যাকাউন্টগুলিতে দুলক্ষ ৩০ হাজার কোটি টাকা জমা হয়েছে । চলতি অর্থবছরে তিন কোটিরও বেশি জন ধন অ্যাকাউন্ট খোলার জন্যে কেন্দ্রীয় সরকার লক্ষ্য স্থির করেছে । অর্থ মন্ত্রণালয় আজ এই সম্পর্কে প্রকাশ করা বিবৃতিতে বলেছে যে- বিশ্বের সর্ববৃহৎ অর্থ অন্তর্ভুক্তির পদক্ষেপ হিসেবে পরিগণিত এই প্রকল্পের মাধ্যমে দেশের প্রান্তিক এবং অর্থনৈতিক দিক থেকে দুর্বল শ্রেণীর লোকেদের সহায়তার জন্যে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন যে- জন ধন যোজনা দুঃস্থ লোকেদের অর্থনৈতিক মূলস্রোতের সঙ্গে সংযুক্ত করে সর্বাত্মক বিকাশের ক্ষেত্রে উৎসাহ যুগিয়েছে । শ্রীমতি সীতারমণ এই যোজনার অধীনে ৬৭ শতাংশ অ্যাকাউন্ট গ্রামাঞ্চলে বা শহরতলী এলাকায় খোলা হয়েছে বলে উল্লেখ করে এরমধ্যে ৫৫ শতাংশ অ্যাকাউন্ট মহিলাদের হওয়াটা আনন্দের বিষয় বলেও মন্তব্য করেছেন । তিনি আরো বলেন যে- এই যোজনা ব্যাংক অ্যাকাউন্ট, ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প, বীমা এবং ঋণ সহ সর্বজনীন, সুলভ এবং আনুষ্ঠানিক আর্থিক সেবা প্রদান করে বিগত দশকটিতে দেশের ব্যাংকিং এবং অর্থনৈতিক ব্যবস্থায় ইতিবাচক পরিবর্তনের সূচনা করেছে । এই যোজনার দ্বারা ব্যাংক অ্যাকাউন্টগুলিতে জমা হওয়া অর্থ থেকে ৩৬ কোটিরও বেশি বিনামূল্যের রুপে কার্ড জারী করা হয়েছে এবং এই কার্ডগুলিতে দুলক্ষ টাকা পর্যন্ত দুর্ঘটনা বীমা কাভারও প্রদান করা হয়েছে বলে তিনি জানান ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জন ধন যোজনার দশ বছর সম্পূর্ণ হওয়ায় সকল হিতাধিকারী সহ এই প্রকল্পকে সফল কে তুলতে অবদান যোগানো সবাইকে ধন্যবাদ জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে- জন ধন যোজনা আর্থিক অর্ন্তভুক্তি বৃদ্ধির পাশাপাশি কোটি কোটি লোককে বিশেষ করে মহিলা, যুব সম্প্রদায় এবং প্রান্তিক শ্রেণীর লোকেদের মর্যাদা প্রদানের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে ।

-------------------------------------------------------------------------------------

জলবিদ্যুৎ প্রকল্পের বিকাশের ক্ষেত্রে উত্তরপূর্বাঞ্চলের রাজ্য সরকার সমূহের সম অংশগ্রহন নিশ্চিত করার জন্য শক্তি মন্ত্রণালয়ের দ্বারা প্রস্তাবিত আর্থিক সাহায্যের প্রস্তাবে কেন্দ্রীয় সরকার অনুমোদন জানিয়েছে। এই প্রকল্পের জন্য ২০২৪-২৫ অর্থবছর থেকে ২০৩১-৩২ অর্থবছর পর্যন্ত ৪ হাজার ১০০ কোটিরো বেশি টাকা তহবিল ধার্য করা হয়েছে। এদিকে কেন্দ্রীয় মন্ত্রিসভা দেশের ২৩৪ টি শহরের ৩৭ টি বেসরকারী এফ এম চ্যানলের ই-নিলামের আয়োজন করার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে। স্থানীয় ভাষায় অনুষ্ঠান প্রস্তুত করা এবং উদ্ভাবনী অনুষ্ঠান আয়োজনের জন্য এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্যে এই সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। ক্যাবিনেটের এই সিদ্ধান্তের ফলে এফ এম সুবিধা না থাকা দেশের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের শহরগুলিতে এফ এম রেডিও সংযোজন করার ফলে স্থানীয় প্রতিভার বিকাশের ক্ষেত্রে উৎসাহ যোগাবে বলে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো মন্তব্য করেন।

-------------------------------------------------------------------------------------

রাজ্যসভার সাংসদ হিসেবে নির্বাচিত হওয়ার পর মিশন রঞ্জন দাস আগামী ৩১শে অগাষ্ট প্রথমবারের মতো করিমগঞ্জ আসছেন । করিমগঞ্জ জেলা বিজেপির পক্ষ পক্ষ থেকে নব নির্বাচিত সাংসদকে স্বাগত জানিয়ে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । দলীয় কর্মীরা প্রথমে সাংসদ শ্রী দাসকে কুম্ভীরগ্রাম বিমান বন্দরে স্বাগত জানাবেন । এরপর করিমগঞ্জ শহরে প্রবেশের মুখে শিলচর রোড থেকে বিশাল বাইক র‍্যালী করে সাংসদকে জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে নিয়ে আসা হবে ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে স্মার্ট মিটার ব্যবস্থার বিরুদ্ধে আজ বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে প্রথমে কংগ্রেস ভবনে প্রতিবাদ সভার আয়োজন করা হয় এবং পরে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে হাইলাকান্দি এ পি ডি সি এল কার্য্যলয় ঘেরাও করে বিক্ষোভ প্রর্দশন করা হয়েছে ।

---

শহীদ কনকলতা জন্ম শতবার্ষিকী উদযাপন সমিতির কাছাড় জেলা সমিতির উদ্যোগে আগামী ১০ই সেপ্টেম্বর শহীদ কনকলতার জন্ম শতবর্ষ উপলক্ষ্যে শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে ভাগা বাজার পর্য্যন্ত একটি সাইকেল র‍্যালীর আয়োজন করা হয়েছে । শহীদ কনকলতা জন্ম শতবার্ষিকী উদযাপন সমিতির কাছাড় জেলা সভাপতি গৌরী দত্ত বিশ্বাসের পৌরহিত্যে গতকাল আয়োজিত এক সভায় আগামী ১০ই সেপ্টেম্বর সাইকেল র‍্যালীর পর আগামী ২০ সেপ্টেম্বর কনকলতা আত্ম-বিলদান দিবসে শিলচরে অস্থায়ী শহীদ বেদীতে শ্রদ্ধা জানানোর সিদ্ধান্ত হয়েছে । এছাড়া আগামী ডিসেম্বর মাসে একটি বাইক র‍্যালী শিলচর থেকে কনকলতার বাসভবন ,বর্তমান শোনিতপুর জেলার বুরুঙ্গা গ্রাম পর্য্যন্ত পৌছে , র‍্যালিটি পুনরায় শিলচর ফিরে আসবে বলে সভায় সিদ্ধান্ত হয়েছে ।

---

ধলাই মাতৃভূমি কাপ নক আউট প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নতুন বাজার এফ সি ২-০ গোলে কর্কট এফ সি-কে পরাজিত করে সেমি-ফাইনালে প্রবেশ করে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় জামালপুর এফ সি মূখোমূখি হবে মথুরাপুর এফ সি-র বিরুদ্ধে ।

---

আগামী তেসরা ও চৌঠা সেপ্টেম্বর গৌহাটিতে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে ৪১ তম অভিরুচি ক্রীড়া দিবস উদযাপন করা হবে। অর্জুন ভোগেশ্বর বরুয়ার জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে আগামী তেসরা সেপ্টেম্বর রাজ্যজুড়ে অভিরুচি ক্রীড়া দিবস উদযাপন করা হবে। এবারের অভিরুচি ক্রীড়া দিবসের কেন্দ্রীয় কার্যসূচীতে অলিম্পিক পদক জয়ী লাভলীনা বরগোহাঁই ও অলিম্পিয়ান হকী খেলোয়াড় অনুরাধা দেবী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

---